প্রগতিশীল প্রযুক্তি অন্তর্ভুক্তিমূলক উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের দপ্তর
শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০২.২৩.১৭৩০

বিষয়: **শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিষ্ঠানের ২৭,০০০ জন ছাত্রছাত্রীদের পাইথন প্রোগ্রামিং প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন।**

সূত্র: ভেন্ডর প্রতিষ্ঠানের সাথে ২৭/০৯/২০২৩ তারিখে সম্পাদিত চুক্তিপত্র।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) এর মাধ্যমে সারাদেশের প্রতিটি সংসদীয় আসনে ১টি করে মোট ৩০০টি শিক্ষা প্রতিষ্ঠানে "শেখ রাসেল স্কুল অব ফিউচার" স্থাপন করা হয়েছে। প্রতিটি শেখ রাসেল স্কুল অব ফিউচারে ৬টি ডিজিটাল স্মার্ট বোর্ড, ৫টি ডিজিটাল হাজিরা মেশিন, ১টি ওয়াইফাই রাউটার, ৪টি ডেস্কটপ কম্পিউটার, প্রয়োজনীয় সংখ্যক ডিজিটাল আইডি কার্ড, ৩২টি মডিউল সমৃদ্ধ স্কুল অব ফিউচার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার সরবরাহ করা হয়েছে।

০২। শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত প্রতিটি প্রতিষ্ঠান থেকে (৬ষ্ঠ-১০ম) ৯০ জন ছাত্রছাত্রী নিয়ে মোট ২৭,০০০ ছাত্রছাত্রীকে পাইথন প্রোগ্রামিং বিষয়ে ১৫ দিন ব্যাপী (প্রতিদিন ০৩ ঘন্টা করে) প্রশিক্ষণ প্রদান করা হবে। মাননীয় প্রধানমন্ত্রী আগামী ১৮/১০/২৩ তারিখে প্রশিক্ষণ কার্যক্রমটি উদ্বোধনের সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত প্রশিক্ষণ সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

ক) নির্ধারিত সফটওয়্যার (soms.gov.bd) ব্যবহার করে প্রতি প্রতিষ্ঠান থেকে প্রতি ব্যাচে ১৫ জন হিসেবে মোট ৬টি ব্যাচ তৈরী করতে হবে।
খ) শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবকে প্রশিক্ষণ ভেন্যু হিসেবে নির্ধারণ ও ব্যবহার করতে হবে।
গ) প্রশিক্ষণ ভেন্যুর ল্যাপটপ, ইন্টারনেট সংযোগ, অন্যান্য আইটি সামগ্রী সম্পূর্ণ ব্যবহার উপযোগী করতে হবে।
ঘ) প্রতি ব্যাচে প্রশিক্ষণার্থীদের যথাসময়ে উপস্থিতি ও অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
ঙ) নির্ধারিত সময়সূচি অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে।
চ) নমুনা অনুযায়ী ম্যানুয়াল, ব্যাগ, ফোল্ডার, কাগজ, কলম ইত্যাদি প্রশিক্ষণ সামগ্রী প্রশিক্ষণার্থীদের প্রদান নিশ্চিত করতে হবে।
ছ) প্রতি ব্যাচে উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠান আয়োজন করতে হবে।
জ) মাননীয় সংসদ সদস্য, জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)/ উপজেলা পরিষদ চেয়ারম্যান/ জেলা শিক্ষা অফিসার/ জেলা প্রোগ্রামার/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ উপজেলা সহকারী প্রোগ্রামার/ গণ্যমান্য ব্যাক্তিকে উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে আমন্ত্রণ জানানো ও উপস্থিতি নিশ্চিত করতে হবে।
ঝ) নির্ধারিত ২ জন প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করতে হবে।
ঞ) প্রশিক্ষণকালে সার্বক্ষণিক ১ জন ল্যাব সাপোর্ট টেকনেশিয়ানের উপস্থিতি নিশ্চিত করতে হবে ;
ট) প্রশিক্ষনার্থীগণকে মানসম্মত নাস্তা প্রদান করতে হবে;
ঠ) প্রতিটি ব্যাচের প্রশিক্ষণ শুরুর পূর্বে এবং সমাপ্তির পরে ৫০ নম্বরের মূল্যায়ন পরীক্ষা গ্রহণ করতে হবে।
ড) সকল প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ শেষে সনদ প্রদান করতে হবে।
ঢ) প্রতি ব্যাচের শেষের দিনে প্রশিক্ষণের তথ্য সংশ্লিষ্ট সফটওয়্যারে আপলোড /ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
ণ) প্রশিক্ষণের বিষয়টি স্থানীয় পত্রিকা, ওয়েব সাইট, অনলাইন/সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপকভাবে প্রচারের পদক্ষেপ গ্রহণ করতে হবে।
ত) প্রশিক্ষণ শেষে ২০ মিনিটের একটি পূর্ণাংগ Documentary এবং ৫ মিনিটের AV প্রকল্প দপ্তরে জমা দিতে হবে।
থ) প্রতি ব্যাচ প্রশিক্ষণ শেষে জেলা/উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার/সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/ সমপর্যায়েরকর্মকর্তা এবং ভেন্যুর প্রতিষ্ঠান প্রধান এর যৌথ স্বাক্ষরে প্রত্যয়ন গ্রহণ করতে হবে ও চূড়ান্ত বিলের সাথে দাখিল করতে হবে।
দ) জেলা/উপজেলা কার্যালয়ের প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার/ সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ারগণকে অবহিত করে ও তাদের পরামর্শ গ্রহণ করে বর্ণিত সকল বিষয়ে পদক্ষেপ
ধ) প্রকল্প দপ্তর থেকে সময়ে সময়ে প্রদত্ত যে কোন নির্দেশনা প্রতিপালন করতে হবে।

০৩। এমতাবস্থায়, বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন ও সম্পন্ন হওয়ার ৭ (সাত) দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

০৯-১০-২০২৩
এস এ এম রফিকুন্নবী
প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
০২-৫৫০০৬৮২৬ (ফোন)
০২-৫৫০০৬৮২৬ (ফ্যাক্স)
pdsrdl@doict.gov.bd

প্রাপকঃ ................................... ....................................।

স্মারক নম্বর:

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা;
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩। বিভাগীয় কমিশনার (সকল);
৪। জেলা প্রশাসক (সকল);
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।;
৬। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।;
৭। সচিবের একান্ত সচিব, আইসিটি বিভাগ, আগারগাঁও, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।;
৮। উপ-প্রকল্প পরিচালক(সাধারণ), শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়), আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।;
৯। উপ-পরিচালক(সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়।;
১০। জেলা শিক্ষা অফিসার (সকল)। (আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
১১। প্রোগ্রামার (সকল), জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।;
১২। উপজেলা নির্বাহী অফিসার (সকল);
১৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)। (আওতাধীন সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ);
১৪। সহকারী প্রোগ্রামার (সকল), ...................উপজেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ........................;
১৫। অধ্যক্ষ/প্রধান শিক্ষক.................................কলেজ/ বিদ্যালয়..................................................................।;
১৬। টিম লিডার, পরামর্শক প্রতিষ্ঠান, ডিডিসি এন্ড এমসিসি লিঃ, মহাখালী, ঢাকা (প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন, তদারকী এবং প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ);
১৭। জনাব রাসেল টি আহমেদ, প্রোপ্রাইটার, টিম ক্রিয়েটিভ বাংলাদেশ, গুলশান-বাড্ডা সংযোগ সড়ক, ঢাকা (শেখ রাসেল স্কুল অব ফিউচার প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও সরবরাহকৃত সফটওয়্যার সম্পূর্ণ ব্যবহার উপযোগী রাখার অনুরোধসহ)। এবং
১৮। জনাব নাফিস আহমেদ, ম্যানেজার, এক্সপ্রেস সিস্টেম লিঃ, শ্যামলী, ঢাকা (শেখ রাসেল স্কুল অফ ফিউচার প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন ও সরবরাহকৃত আইটি সামগ্রী সম্পূর্ণ ব্যবহার উপযোগী রাখার অনুরোধসহ)।

০৯-১০-২০২৩
মির্জা মুরাদ হাসান বেগ
উপ প্রকল্প পরিচালক (সাধারন) (অতিরিক্ত দায়িত্ব)